২০২৪

বাংলা

(মাইনর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-MI-302

(আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস)

[NEP-2020]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ফোর্ট উইলিয়াম কলেজ থেকে প্রকাশিত দুটি বইয়ের নাম লেখো।

খ) বাংলা কবিতায় কাকে 'ভোরের পাখি' বলা হয়? এই উপাধি তাকে কে দিয়েছিলেন?

গ) 'সংবাদ প্রভাকর' পত্রিকাটি কার সম্পাদনায় এবং কত খ্রিষ্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল?

ঘ) বাংলা সাহিত্যে প্রথম ট্র্যাজেডি জাতীয় নাটক কোনটি? নাট্যকারের নাম উল্লেখ করো।

ঙ) বঙ্কিমচন্দ্রের লেখা দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

চ) 'পরশুরাম' কার ছদ্মনাম? এই ছদ্মনামে রচিত তাঁর একটি গল্পগ্রন্থের নাম লেখো।

[পরের পাতায়]

ছ) বিহারীলাল চক্রবর্তীর সেরা কাব্যগ্রন্থ কোনটি? এটি কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়েছিল?

জ) 'সধবার একাদশী' কী জাতীয় নাটক? নাট্যকারের নাম লেখো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বাংলা গদ্যের বিকাশে বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা করো।

খ) ঈশ্বর গুপ্তকে 'যুগসন্ধির কবি' বলা হয় কেন? যুক্তিসহ বিচার করো।

গ) ঐতিহাসিক নাট্যকার হিসেবে দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব বিচার করো।

ঘ) বাংলা সামাজিক উপন্যাসে শরৎচন্দ্রের অবদান কী ছিল? সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) আধুনিক কবি হিসেবে জীবনানন্দ দাশের কাব্য প্রতিভার মূল্যায়ন করো।

খ) রবীন্দ্রনাথের রূপক-সাংকেতিক নাটক সম্পর্কে সংক্ষিপ্ত ভাবে বুঝিয়ে দাও।

গ) ছোটগল্পকার হিসেবে মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান ব্যাখ্যা করো।

ঘ) বাংলা সাহিত্যের বিকাশে 'বঙ্গদর্শন' পত্রিকার ভূমিকা আলোচনা করো।